BARI Gom-33 is a high yielding modern wheat variety. It was developed through hybridization between two wheat varieties-KACHU and SOLALA at CIMMYT Mexico. After receiving the line through Harvest Plus Yield Trial in 2013, it was evaluated in different growing environments of Bangladesh and initially selected as BAW 1260. The yield performance of the line was found satisfactory. Laboratory and field performance of the line in 2016 and 2017 proved its resistance against wheat blast disease. In 2017, the line was approved by National Seed Board and released as BARI Gom-33.

Salient Features

- Life span of this variety is 110-115 days
- Spikes are long and one spike contains 42-47 grains
- Grains are white amber in colour and medium in size
- The variety is resistant to wheat blast and leaf rust and moderately resistant to BPLB disease
- The variety is Zn enriched (50-55 ppm Zinc in the grain)
- It is resistant to lodging due to its strong stem
- It is tolerant to heat stress
- Average yield is 4-5 MT/ha

Suitability

- This variety is suitable for cultivation all over the country except in areas with salinity level above 6 dS/m
- It is especially suitable for cultivation in the blast prone southern and south-western belt of the country

Benefits

- The variety can increase wheat productivity and farmers' income by combating the threat of wheat blast
- It can also minimize zinc deficiency if widely cultivated in the country

Contact

Director General, Bangladesh Wheat and Maize Research Institute
Nashipur, Dinajpur-5200
Phone : +880531-63342
Email : dg.bwmri@gmail.com

ডব্লিউএমআরআই গম ১: স্বল্পমেয়াদি ও তাপসহনশীল গমের জাত

ডব্লিউএমআরআই গম ১ একটি আগাম এবং উচ্চফলনশীল গমের জাত। জাতটি শতাব্দী এবং প্রদীপ জাতের মধ্যে বাংলাদেশে সংকরায়ন করে উদ্ভাবন করা হয়েছে। বিভিন্ন প্রজন্মে ও আবহাওয়ায় পরীক্ষানিরীক্ষা করে প্রাথমিকভাবে এটি বিএডব্লিউ ১১৯৪ নামে নির্বাচন করা হয়। এ কৌলিক সারিটির ফলন অন্যান্য চেক জাতের তুলনায় অনেক ভাল দেখা যায়। জাতটি ২০১৬ ও ২০১৭ সালের গবেষণা মাঠ পরীক্ষায় এবং ২০১৮ সালে কৃষকের মাঠে উচ্চফলনশীল ও তাপসহনশীল জাত হিসেবে প্রমাণিত হয়। ২০১৯ সালে ডব্লিউএমআরআই গম ১ হিসেবে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অবমুক্ত করা হয়।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- গাছের উচ্চতা ৯০-১০০ সেন্টিমিটার
- শীষ বের হতে ৫৩-৫৭ দিন এবং বোনা থেকে পাকা পর্যন্ত মাত্র ১০২-১০৪ দিন সময় লাগে
- শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪৫-৫০টি
- দানার রং সাদা, চকচকে ও আকারে বড় (হাজার দানার ওজন ৫২-৬০ গ্রাম)
- গমের পাতার দাগ রোগ এবং মরিচা রোগ প্রতিরোধী
- খাটো হওয়ায় হেলেপড়া প্রতিরোধী
- আগাম পরিপক্ক ও তাপসহিষ্ণু
- হেক্টরপ্রতি গড় ফলন ৪.৫-৫.৫ টন

উপযোগিতা

- জাতটি লবণাক্ত এলাকা (যার লবণাক্ততা ৬ ডিএস/মি এর উপর) ব্যতীত সারাদেশে আবাদযোগ্য
- জাতটি আগাম পাকে বিধায় আমন ধান কাটার পর দেরিতে গম বপনের ক্ষেত্রে অন্যান্য জাত অপেক্ষা অধিক উপযোগী

সুবিধা

- জাতটি ব্যাপকভাবে চাষাবাদের মাধ্যমে গমের উৎপাদনশীলতা ও কৃষকের আয় বৃদ্ধি করতে পারে
- বিশেষ করে দেশে শীতের কম স্থায়িত্ব ও তীব্রতা সত্ত্বেও জাতটি গম উৎপাদন লাভজনক করতে পারবে

যোগাযোগ

মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
নশিপুর, দিনাজপুর-৫২০০
ফোন : +৮৮০৫৩১-৬৩৩৪২
ইমেইল : dg.bwmri@gmail.com

WMRI Gom 1: A Short Duration and Heat Tolerant Wheat Variety

WMRI Gom 1 is an early maturing high yielding wheat variety. It was developed through hybridization between two wheat varieties SHATABDI and PRODIP in Bangladesh. Through evaluation in subsequent generations under different growing environments, this variety was initially selected as BAW 1194. The yield performance of the line was found superior than that of the check varieties. It is proved as an early maturing heat tolerant wheat variety in on-station (in 2016 and 2017) and on-farm trials (in 2018). The line was released as WMRI Gom 1 by National Seed Board in 2019.

Salient Features

- The plant height is 90-100 cm
- It takes 53-57 days to heading and 102-104 days from emergence to maturity
- Spikes are long and one spike contains 45-50 grains
- Grains are white amber, shiny and large in size (1000-grain weight 52-60 gm)
- It is resistant to BPLB and leaf rust disease
- It is tolerant to lodging due to its short stature
- It is early maturing and tolerant to heat stress
- Average yield is 4.5-5.5 MT/ha

Suitability

- It is suitable for cultivation all over the country except in areas with salinity level above 6 dS/m
- The variety is more suitable than the other wheat varieties for late planting after T. aman rice due to its early maturity

Benefits

- Intensive cultivation of this variety can increase wheat productivity and farmers' income
- The variety can still make wheat cultivation more profitable despite exixtence of short winter period and cold wave

Contact

Director General, Bangladesh Wheat and Maize Research Institute
Nashipur, Dinajpur-5200
Phone : +880531-63342
Email : dg.bwmri@gmail.com

54

55

বারি হাইব্রিড ভুট্টা-১৬ (বিএইচএম-১৬): লবণাক্ততা সহনশীল খাটো আকৃতির জাত

অধিকাংশ হাইব্রিড ভুট্টার জাত লম্বা হয়। এ জাতগুলি কর্তনের পূর্বে ঝরে সহজেই হেলে পড়ে। ফলে কৃষকের আয় অনেক কমে যায়। তাছাড়া, উপকূলীয় অঞ্চলের প্রায় ৮.৮ লক্ষ হেক্টর জমি বিভিন্ন মাত্রার লবণাক্ততায় আক্রান্ত। ফলে এ জমিগুলি রবি মৌসুমে পতিত থাকে। এ বিষয়গুলি মাথায় রেখে বিএইচএম-১৬ জাতটি অবমুক্ত করা হয়।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- জাতটি মাঝারি উচ্চতাসম্পন্ন (১৮০-১৯০ সেমি) এবং মোচার উচ্চতা ৮০-৮৫ সেমি
- জাতটি মধ্যম মাত্রার লবণাক্ততা (৮-৯ ডিএস/মি) সহনশীল
- রবি মৌসুমে গাছে ৮৫-৯০ দিনে সিল্ক বের হয়
- দানার রং হলুদ, পুষ্ট এবং দানা সেমি-ডেন্ট প্রকৃতির
- পরিপক্ক অবস্থায়ও গাছ ও পাতাসমূহ সবুজ থাকে
- রবি মৌসুমে ১১-১২.২৫ টন/হে এবং ৮-৯ ডিএস/মি লবণাক্ততায় ৭-৭.৫ টন/হে ফলন দেয়

উপযোগিতা

জাতটি দেশের পশ্চিম, উত্তর-পশ্চিম ও সমুদ্র উপকূলীয় এলাকায় চাষের উপযোগী

সুবিধা

- লবণাক্ত অঞ্চলের ৯ ডিএস/মি পর্যন্ত এলাকায় বিএইচএম-১৬ চাষাবাদের মাধ্যমে অনাবাদী জমিকে চাষাবাদের আওতায় আনা যাবে
- বিএইচএম-১৬ জাতটি চাষ করে ঝড়ে ভেঙ্গে পড়ার ক্ষতি কমানো যাবে

যোগাযোগ

মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
নশিপুর, দিনাজপুর-৫২০০
ফোন : +৮৮০৫৩১-৬৩৩৪২
ইমেইল : dg.bwmri@gmail.com

BARI Hybrid Maize-16 (BHM-16): A Salt Tolerant Dwarf Variety

Most of the hybrid maize varieties are tall. Due to storm, these varieties lodge easily before harvest. As a result, farmer's income is significantly reduced. Moreover, about 0.88 million hectares land of the coastal areas are affected by different level of salinity. Consequently, these lands remain fallow during Rabi season. Keeping these in mind, BHM-16 variety was released.

Salient Features

- Plant and ear heights are 180-190 cm and 80-85 cm respectively
- It is tolerant to salinity up to 8-9 dS/m
- It requires 85-90 days for silking during Rabi season
- Grains are yellow, bold and semi dent in nature
- Plants and leaves remain green during maturity
- Yield is 11-12.25 MT/ha during Rabi season and 7-7.5 MT/ha at 8-9 dS/m salinity

Suitability

It is suitable for cultivation in west, north-west and coastal areas of the country

Benefits

- Fallow land in saline area up to 9 dS/m can be brought under cultivation of BHM-16
- Yield loss due to lodging can be minimized through cultivation of BHM-16

Contact

Director General, Bangladesh Wheat and Maize Research Institute
Nashipur, Dinajpur-5200
Phone : +880531-63342
Email : dg.bwmri@gmail.com

উত্তরাঞ্চলের হালকা বুনটের মাটির জন্য লাভজনক ফসলধারা: আগাম আলু-গম-মুগডাল-আমন ধান

খাদ্য শস্যের মোট উৎপাদন বাড়ানোর একটা উপায় হলো শস্যের নিবিড়তা বৃদ্ধি করা। উত্তরাঞ্চলে কিছু চাষি স্বল্পমেয়াদি আমন ধান কাটার পরে আগাম আলুর আবাদ করে যেহেতু শীতের আবহাওয়া আগে চলে আসে। আলুর পর স্বল্পমেয়াদি ও তাপসহিষ্ণু গমের চাষ করা যায়। গমের পরে স্বল্পমেয়াদি মুগডাল চাষ করা যায়। এ ধারণা থেকে ৪টি ফসল নিয়ে ফসল ধারা মাঠে ৪ বছর পরীক্ষা করে লাভজনক দেখা যায়।

সংক্ষিপ্ত বিবরণ

- ৪টি ফসল সম্বলিত ফসল ধারা 'আগাম আলু-গম-মুগডাল-আমন ধান' অনুসরণ করা হয়
- আগাম আলু লাগানোর জন্য আমন মৌসুমে স্বল্পমেয়াদি আমন ধানের জাত যেমন-বিনাধান-৭ এবং বিনাধান-১৫, ব্রি ধান৫৬, ব্রি ধান৫৭, ব্রি ধান৬২ এবং ব্রি হাইব্রিড ধান৪ এর যে কোনো একটি জাত চাষ করা যাবে
- আমন ধান কাটার পর ১৫-২০ অক্টোবরের মধ্যে তাড়াতাড়ি বৃদ্ধি পায় এমন আলুর জাত যেমন- গ্রানোলা বা সাগিতা লাগানো যাবে এবং ৬০ দিন পর আলু উত্তোলন করা যাবে
- আলু উত্তোলনের পরপরই তাপসহিষ্ণু স্বল্পমেয়াদি গমের জাত যেমন-বারি গম-৩২ অথবা ডব্লিউএমআরআই গম ১ এর বীজ বপন করা যাবে
- গমের পর এপ্রিলের ১ম সপ্তাহের মধ্যে বারি মুগ-৬ বপন করা যাবে

উপযোগিতা

দেশের উত্তরাঞ্চলের (এইজেড ১, ২ ও ৩) হালকা বুনটের মাটিতে এ ফসল-ধারা খুবই উপযোগী

সুবিধা

- এ ফসল ধারা এক বছরে হেক্টরে প্রায় ২০ টন গমের সমতুল্য ফলন দিতে পারবে এবং চাষি ১,৯০,০০০ টাকা খরচ করে ১,৬০,০০০ টাকা লাভ করতে পারবে
- ফসল ধারায় মুগডাল অন্তর্ভুক্ত থাকায় কৃষকের জন্য আমিষের একটি উৎস হতে পারে এবং জমির উর্বরতাও রক্ষা করতে পারে

যোগাযোগ

মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
নশিপুর, দিনাজপুর-৫২০০
ফোন : +৮৮০৫৩১-৬৩৩৪২
ইমেইল : dg.bwmri@gmail.com

56

Profitable Cropping Pattern for Light Soil of Northern Region: Early Potato–Wheat–Mung bean–Aman Rice

Increasing cropping intensity is one of the ways to increase total production of food crops. After harvesting of short duration aman rice, some farmers of northern region cutivate early potato since the winter season starts early. After potato, short duration and heat tolerant varieties of wheat can be grown. Short duration Mung bean can be grown after harvesting of wheat. From this idea, a cropping pattern with 4 crops was tested consecutively for 4 years and found profitable.

Brief Description

- A 4-crop based cropping pattern 'Early Potato-Wheat-Mung bean-Aman Rice' is followed
- For planting early potato, one of the short duration varieties of Aman rice eg. Binadhan-7 and Binadhan-15, BRRI dhan56, BRRI dhan57, BRRI dhan62 and BRRI Hybrid dhan4 can be cultivated in Aman season
- Potato variety with early bulking characteristic such as Granola or Sagita can be planted by 15-20 October and be harvested after 60 days
- Just after harvesting of potato, seeds of heat tolerant short duration wheat variety such as BARI Gom-32 or WMRI Gom 1 can be sown
- Short duration variety BARI Mung-6 can be planted within 1st week of April after wheat

Suitability

This cropping pattern is very suitable in the light soils of northern region (AEZ 1, 2 and 3)

Benefits

- This cropping pattern can produce about 20 MT/ha wheat equivalent yield a year, and farmers can earn profit about Tk. 1,60,000 (US$ 2,000) by spending Tk. 1,90,000 (US$ 2,375)
- This pattern includes a legume ie, Mung bean, which can be a source of protein for the farmers, and can retain soil fertility as well

Contact

Director General, Bangladesh Wheat and Maize Research Institute
Nashipur, Dinajpur-5200
Phone : +880531-63342
Email : dg.bwmri@gmail.com

57

গমের ব্লাস্ট রোগের সমন্বিত নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা

গমের ব্লাস্ট একটি ক্ষতিকর ছত্রাকজনিত রোগ। ছত্রাকটির বৈজ্ঞানিক নাম ম্যাগনাপোরথি অরাইজি প্যাথোটাইপ ট্রিটিকাম। গমের শীষ বের হওয়া থেকে ফুল ফোটার সময়ে উষ্ণ ও আর্দ্র আবহাওয়া বিরাজ করলে এ রোগের আক্রমণ ঘটতে পারে। বাংলাদেশে প্রথম ২০১৬ সালের ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি সময়ে আনুমানিক ১৫,০০০ হেক্টর জমিতে এ রোগের আক্রমণ পরিলক্ষিত হয়। আক্রান্ত গমক্ষেতের ফলন শতকরা ২৫-৩০ ভাগ হ্রাস পায়, তবে ক্ষেত্র বিশেষে এ রোগের কারণে ক্ষেতের সম্পূর্ণ ফসল বিনষ্ট হতে পারে।

সংক্ষিপ্ত বিবরণ

- ব্লাস্ট রোগ মুক্ত গমক্ষেত থেকে বীজ সংগ্রহ করতে হবে
- রোগ সহনশীল/প্রতিরোধী জাত যেমন-বারি গম-৩০, বারি গম-৩২, বারি গম-৩৩ ইত্যাদি জাতের চাষ করতে হবে
- উপযুক্ত সময়ে (অগ্রহায়নের ০১ হতে ১৫ তারিখ) বীজ বপন করতে হবে
- বপনের পূর্বে উপযুক্ত ছত্রাকনাশক (কার্বক্সিন ৩৭.৫% + থিরাম ৩৭.৫%) প্রতি কেজি বীজের সাথে ৩ গ্রাম হারে মিশিয়ে বীজ শোধন করতে হবে
- গমের ক্ষেত ও আইল আগাছামুক্ত রাখতে হবে
- প্রতিরোধক ব্যবস্থা হিসেবে শীষ বের হওয়ার সময় একবার এবং এর ১২-১৫ দিন পর আরেকবার ছত্রাকনাশক (টেবুকোনাজল ৫০% + ট্রাইফ্লক্সিস্ট্রবিন ২৫%, ৬গ্রাম অথবা এজোজিস্ট্রবিন ২০% + ডাইফেনোকোনাজল ১২.৫%) ১০ মিলি প্রতি ৫ শতাংশ জমির জন্য ১০ লিটার পানিতে মিশিয়ে গাছে স্প্রে করতে হবে
- নন-হোস্ট (ভুট্টা, ডাল, পাট ইত্যাদি) ফসলের সাথে শস্য পর্যায়/বিন্যাস অনুসরণ করতে হবে

উপযোগিতা

এটি বাংলাদেশের সকল গমচাষ অঞ্চলের জন্য উপযোগী

সুবিধা

- গমের ব্লাস্ট রোগ শতকরা ৯০-৯৫ ভাগ দমন করা যায়
- এ প্রযুক্তি ব্যবহারে গমের অন্যান্য রোগ যেমন- পাতা ঝলসানো রোগ, বীজের কালো দাগ রোগ, মরিচা রোগ ইত্যাদি দমন হয়
- গমের ফলন শতকরা ২০ ভাগ বৃদ্ধি পায়
- কৃষকগণ আর্থিকভাবে লাভবান হয়

যোগাযোগ

মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
নশিপুর, দিনাজপুর-৫২০০
ফোন : +৮৮০৫৩১-৬৩৩৪২
ইমেইল : dg.bwmri@gmail.com

Integrated Management of Wheat Blast

Wheat blast is a harmful fungal disease caused by Magnaporthe oryzae pathotype Triticum. Prevalence of warm temperature and wet weather during the time of spike emergence to flowering favors the development of this disease. In Bangladesh, the disease appeared for the first time in February 2016 and affected about 15,000 hectares of wheat. The average yield loss in the affected field ranged from 25-30%, while the disease may cause total crop failure in case of severe infection.

Brief Description

- Wheat seeds are collected from blast free fields
- The varieties relatively resistant or tolerant to wheat blast, eg. BARI Gom-30, BARI Gom-32, BARI Gom-33 etc are cultivated
- Seeds are sown in optimum time (November 15-30)
- Seeds are treated with effective fungicide (Carboxin 37.5% + Thiram 37.5% @ 3 gm per kg of seed) before sowing
- Wheat field and alleys are kept free from weeds
- Preventive spray is done with fungicide (Tebuconazole 50% + Trifloxystrobin 25% @ 6gm or Azoxystrobin 20% + Difenoconazole 12.5%) @ 10 ml in 10 litre water for 5 decimal areas one at heading and another at 12-15 days of the first spray
- Crop rotation/pattern can be followed with non-host crops like maize, pulse, jute etc.

Suitability

It is suitable for all wheat growing areas of Bangladesh

Benefits

- Wheat blast disease can be controlled effectively by 90-95%
- Using this technology other diseases of wheat like bipolaris leaf blight, black point, leaf rust, etc. can also be controlled
- Grain yield of wheat can be increased by 20%
- Farmers will be financially benefited

Contact

Director General, Bangladesh Wheat and Maize Research Institute
Nashipur, Dinajpur-5200
Phone : +880531-63342
Email : dg.bwmri@gmail.com

বিএসআরআই আখ ৪২

চিবিয়ে খাওয়া, রস করে খাওয়া এবং উন্নতমানের গুড় তৈরির জন্য উপযুক্ত হওয়ায় বাংলাদেশের পার্বত্য অঞ্চলে রংবিলাশ নামে চাষকৃত লাইনটিকে বিএসআরআই ২০০২ সালে সংগ্রহ করে। পরে লাইনটি যাচাই বাছাই করে ২০১৪ সালে বিএসআরআই আখ ৪২ হিসেবে চাষাবাদের জন্য অনুমোদিত হয়।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- বিএসআরআই আখ ৪২ জাতের ফুল হয় না। এটি আগাম পরিপক্ক ইক্ষু জাত
- চিবিয়ে খাওয়ার এবং রস ও উন্নতমানের গুড় তৈরির জন্য উপযুক্ত
- আকর্ষণীয় রং এর কারণে এটি একটি জনপ্রিয় জাত
- সনাতন এবং রোপা উভয় পদ্ধতিতেই সহজে আবাদ করা যায়
- জাতটি রোপণের উপযুক্ত সময় অক্টোবর থেকে নভেম্বর মাস
- গড় ফলন ১৬৯ টন/হে

উপযোগিতা

জাতটি বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি ও গাজীপুর জেলার জন্য বিশেষভাবে উপযোগী, তবে বাংলাদেশের সকল এলাকার উঁচু এবং মধ্যম উঁচু জমিতে চাষাবাদ করা যেতে পারে

সুবিধা

- চিবিয়ে খাওয়া, রস করে খাওয়া এবং উন্নতমানের গুড় তৈরি করে কৃষক লাভবান হয়
- গাছ বৃদ্ধির প্রথম দিকে এ জাতের সাথে আলু, পেঁয়াজ, রসুন প্রভৃতি সাথীফসল হিসেবে চাষ করা যায়
- জাতটি আগাম পরিপক্ক তাই বাজারমূল্য বেশি থাকায় চাষি লাভবান হয়
- কৃষক হেক্টর প্রতি প্রায় ৭ লাখ টাকা মুনাফা অর্জন করতে পারে

যোগাযোগ

মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
ঈশ্বরদী, পাবনা
ফোন : +৮৮০৭৩২৬-৬৩৬২৮
ইমেইল: bsri@bsri.gov.bd

BSRI Akh 42

Considering suitability of chewing, making juice and preparing quality gur (Jaggery), a local line Rangbilash cultivated in Hill Districts of Bangladesh was collected by BSRI in 2012. This line was then released for cultivation in 2014 as BSRI Akh 42 after a series of screening trials.

Salient Features

- BSRI Akh 42 is a non-flowering and early maturing variety
- It is suitable for chewing and preparation of juice and quality gur (Jaggery)
- It is a popular variety due to its attractive colour
- It is flexible for cultivation following both conventional and STP method
- The best time for plantation is from October to November
- Average yield potential is 169 MT/ha

Suitability

BSRI Akh 42 is especially suitable for Bandarban, Rangamati, Khagrachhari and Gazipur districts. It can also be cultivated in high and medium high lands all over Bangladesh

Benefits

- Farmers can be benefited through chewing purpose use, preparation of juice and quality gur (Jaggery)
- Potato, garlic, onion etc. can be cultivated as intercrops at the early growth stage of this variety
- It matures early when high market price prevails and hence farmers are benefited
- Farmers can earn a neat profit of BDT 7 lakh (US$ 8,750) per hectare

Contact

Director General, Bangladesh Sugarcrop Research Institute
Ishurdi, Pabna
Phone : +8807326-63628
Email : bsri@bsri.gov.bd

59

তালের চারা উৎপাদন প্রযুক্তি

চাষের জমি ব্যবহার না করে জমির আইল কিংবা পরিত্যক্ত জমিতে বা রাস্তার পাশে তালের চারা রোপণ করে গুড় উৎপাদন করা প্রয়োজন। এছাড়া সম্প্রতি বজ্রনিরোধক গাছ হিসেবে তালের চারা রোপণের চাহিদা ব্যাপকহারে বৃদ্ধি পাওয়ায় এ প্রযুক্তির প্রয়োজনীয়তা বৃদ্ধি পেয়েছে।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য
- সঠিক ভাবে ব্যবস্থাপনার মাধ্যমে তাল গাছ ৬ থেকে ৮ বছরের মধ্যে ফল উৎপাদন করতে পারে
- প্রায় শতভাগ চারা মাঠে টিকে থাকে
- চারা পরিবহন ও রোপণ সহজ

সংক্ষিপ্ত বিবরণ
প্রায় ৪৫ সেমি উঁচু বালিমাটির বেড তৈরি করতে হয়। বেডের তলদেশে ইঁট ও সিমেন্ট দিয়ে শক্তভাবে ঢালাই করে দিতে হয়। তাতে বীজ বপন করে গজিয়ে নিতে হয়। এরপর ভ্রুণমূলসহ চারাটি পলিব্যাগে স্থানান্তর করতে হয়

উপযোগিতা
এ প্রযুক্তিটি সারাদেশের জন্য উপযোগী

সুবিধা
- আবাদী জমির ব্যবহার ছাড়াই একজন কৃষক উৎপাদিত দ্রব্যসমূহ বিক্রি করে যথেষ্ট লাভ করতে পারে
- একটি গাছ থেকে শুধু গুড় উৎপাদন ও বিক্রি করে বছরে প্রায় ৫,০০০ টাকা আয় করা যায়
- তালগাছগুলি বজ্রনিরোধক হিসেবে মানুষের জীবন রক্ষা করে
- গাছটি কাঠ হিসেবে বিক্রি করেও কৃষক যথেষ্ট লাভবান হয়

যোগাযোগ
মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
ঈশ্বরদী, পাবনা
ফোন : +৮৮০৭৩২৬-৬৩৬২৮
ইমেইল : bsri@bsri.gov.bd

Seedling Raising Technology of Palmyra Palm

Without utilizing any cultivable land, it is necessary to produce gur (Jaggery) from Palmyra Palm by planting its seedlings on the border line of crop field, road side and in the fallow land. Recently, the demand of this technology is increased because Palmyra Palm is effective in mitigating thunder.

Salient Features
- Palmyra plant can produce fruits during 6-8 years of plantation with proper management
- About cent per cent seedlings survive in the field
- It is easy to carry and plant seedlings

Brief Description
Sandy soil bed about 45 cm high is prepared over brick soling or concrete. Palmyra seed is then placed in this bed. After germination, seedling with germ-tube is transplanted in a poly bag

Suitability
This technology is suitable for all over the country

Benefits
- A farmer can earn significant profit without using any cultivable land
- Profit can be BDT 5,000 (US$ 63) per year from production and sale of gur from a single tree
- The plants can save life of people from thunder
- Farmers are also benefited from sale of the plant as timber

Contact
Director General, Bangladesh Sugarcrop Research Institute
Ishurdi, Pabna
Phone : +8807326-63628
Email : bsri@bsri.gov.bd

স্বাস্থ্যসম্মত আখের গুড় উৎপাদন

সারাদেশে গুড়ের জনপ্রিয়তা থাকা সত্ত্বেও স্বাস্থ্যসম্মত গুড়ের অভাবে পুষ্টিকর এ খাদ্যপণ্যটি সম্পর্কে মানুষের বিরূপ ধারণা রয়েছে। বিএসআরআই উদ্ভাবিত এ প্রযুক্তিতে উৎপাদিত গুড় আকর্ষণীয়, পুষ্টিসমৃদ্ধ ও সংরক্ষণ উপযোগী।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- গুড় স্বাস্থ্যসম্মত এবং খেতে সুস্বাদু
- সারাবছর সংরক্ষণ করা যায়
- খাদ্যপণ্যটি সহজে পরিবহন করা যায় এবং আকর্ষণীয় রং এর কারণে বাজারজাত করার জন্য ভাল
- ক্ষতিকারক রাসায়নিক দ্রব্যমুক্ত

সংক্ষিপ্ত বিবরণ

- পরিষ্কার পরিচ্ছন্ন আখের রস যথাযথভাবে মাড়াই করা হয়
- তারপর রস উপযুক্ত তাপমাত্রায় ঘনিভূত করে গুড় উৎপাদন করা হয়
- উন্নত চুলা ও আনুষঙ্গিক দ্রব্যাদি ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্যসম্মত, পুষ্টিকর এবং রাসায়নিকমুক্ত নির্ভেজাল বিভিন্ন ধরণের গুড় তৈরি করা হয়

উপযোগিতা

প্রযুক্তিটি চিনিকল বহির্ভূত গুড় উৎপাদন এলাকার জন্য বিশেষভাবে প্রযোজ্য। তবে সারাদেশের জন্য উপযোগী

সুবিধা

উন্নতমানের গুড়ের চাহিদা এবং উচ্চ বাজারমূল্য থাকায়, চাষি, গুড় উৎপাদনকারী এবং গুড় ব্যবসায়ী স্বাস্থ্যসম্মত এবং পুষ্টিসম্মত গুড় থেকে আর্থিকভাবে লাভবান হয়

যোগাযোগ

মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
ঈশ্বরদী, পাবনা
ফোন : +৮৮০৭৩২৬-৬৩৬২৮
ইমেইল : bsri@bsri.gov.bd

60

Production of Hygienic Sugarcane Gur (Jaggery)

People are afraid of taking gur (Jaggery) because of unhygienic preparation. BSRI, therefore, developed technic of preparing gur which is attractive, nutritious and easy to preserve.

Salient Features

- Gur is hygienic with good taste
- It is suitable for preservation all round the year
- The product is easy to carry and also good for marketing due to its attractive colour
- It is free from hazardous chemical

Brief Description

- Juice is extracted through crashing of clean and fresh sugarcane
- Juice is then boiled at suitable temperature to produce gur
- Using developed chula and related materials, hygienic, nutritious and hazourdous chemical free different types of gur are produced

Suitability

This technology is especially applicable for the gur producing areas outside sugar mill zones. But it is also suitable for all over the country

Benefits

Farmers, gur producers and gur vendors are benefited from this hygienic and nutritious gur due to high market demand and price

Contact

Director General, Bangladesh Sugarcrop Research Institute
Ishurdi, Pabna
Phone : +8807326-63628
Email : bsri@bsri.gov.bd

61

বিএসআরআই উদ্ভাবিত উন্নত ইক্ষু মাড়াইকল

বাংলাদেশে উৎপাদিত ইক্ষুর প্রায় শতকরা ৫৭ ভাগই গুড় তৈরিতে ব্যবহৃত হয়। সাধারণত, গুড় উৎপাদনের জন্য প্রস্তুতকারীরা ডিজেল ইঞ্জিন চালিত তিন রোলার বিশিষ্ট ভারটিক্যাল ইক্ষু মাড়াইকল ব্যবহার করে থাকেন। এ জাতীয় ইক্ষু মাড়াইকলের রস আহরণ ক্ষমতা গড়ে শতকরা ৪৫-৫০ ভাগ। বিএসআরআই কর্তৃক উদ্ভাবিত ইক্ষু মাড়াইকলের রস আহরণ হার শতকরা ৬০-৬৫ ভাগ।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- একটি কাটিং রোলার ও চারটি প্রেসিং রোলার আনুভূমিকভাবে স্থাপিত
- প্রয়োজন অনুযায়ী রোলারে চাপ কমানো বা বাড়ানোর ব্যবস্থা আছে
- মাড়াইকলটি ১২ অশ্বশক্তির ডিজেল ইঞ্জিন দ্বারা চালিত
- রোলারসমূহের ঘুর্ণন গতি ১৫-২০ আরপিএম
- বেল্ট ও পুলি এবং গিয়ার বক্স সংযোজিত থাকায় অধিক নিরাপদ
- মহিলা ও পুরুষ উভয়েই ইক্ষু মাড়াই করতে পারে

সংক্ষিপ্ত বিবরণ

- মাড়াইকলটি ৩ চাকাবিশিষ্ট একটি মজবুত লোহার ফ্রেমের উপর স্থাপিত
- উন্নত সমান্তরাল মাড়াই যন্ত্রটিতে মাড়াইয়ের সময় রস ছোবড়ার সঙ্গে মিশতে পারে না, ফলে ছোবড়াতে ভারটিক্যাল মাড়াই কলের চাইতে তুলনামূলকভাবে অনেক কম রস থাকে

উপযোগিতা

মাড়াইকলটি চিনিকল এলাকা বহির্ভূত সারাদেশের গুড় উৎপাদন এলাকার জন্য উপযোগী

সুবিধা

- একই পরিমাণ আখ হতে শতকরা ১৫-২০ ভাগ রস বেশি হওয়ায় দেশে গুড় আহরণ হার শতকরা ৩০-৩৩ ভাগ বৃদ্ধি পায়
- উন্নত এ মাড়াইকল সারাদেশে ব্যাপক ব্যবহারের ফলে অতিরিক্ত প্রায় ১,৫০,০০০ মেট্রিক টন গুড় উৎপাদিত হবে যার আনুমানিক মূল্য ১,০০০ কোটি টাকা

যোগাযোগ

মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
ঈশ্বরদী, পাবনা
ফোন : +৮৮০৭৩২৬-৬৩৬২৮
ইমেইল: bsri@bsri.gov.bd

BSRI Developed Improved Sugarcane Power Crusher

About 57% of the sugarcane produced in Bangladesh is used to make gur (Jaggery). Generally, manufacturers use a diesel engine powered three-roller vertical cane crusher to produce gur. Average juice extraction capacity of this machine is 45-50 percent. Sugarcane Power Crusher invented by BSRI can extract 60-65% juice from sugarcane.

Salient Features

- One cutting roller and four pressing rollers are placed horizontally
- There is a system to reduce or increase the pressure on the roller as required
- The crusher is powered by 12 horse-power diesel engine
- Rolling speed of rollers is 15-20 rpm
- It is secured due to attachment of belt-pulley and gear box
- Cane crushing can be performed by both women and men

Brief Description

- The crusher is mounted on a strong iron frame with 3 wheels
- In this advanced crusher machine, the juice cannot be mixed with the bagasse during crushing. As a result, the bagasse contains much less juice than the vertical crushing machine

Suitability

This machine is suitable for all gur making areas except mill zones of the country

Benefits

- With 15-20% more juice extraction from the same amount of sugarcane, gur production rate in the country will be increased by 30-33%
- Extensive use of this advanced crusher across the country will produce an additional 0.15 million MT of gur with an estimated value of BDT 10,000 million (US$ 125 million)

Contact

Director General, Bangladesh Sugarcrop Research Institute
Ishurdi, Pabna
Phone : +8807326-63628
Email : bsri@bsri.gov.bd

এক সারি ও জোড়া সারি আখের সাথে সাথীফসল হিসেবে আলু চাষ

আখ একটি দীর্ঘমেয়াদি ফসল হওয়ায় দুই সারি আখের মাঝখানে একটি বা দুটি সাথীফসল করা হলে অন্তর্বতী একটি বা দুটি ফসল উত্তোলন করা যায়। একই পরিমাণ জমিতে ফসলের নিবিড়তা, ফসল উৎপাদন এবং লাভ বৃদ্ধি করার জন্য বিএসআরআই আখের সাথে সাথীফসল হিসেবে আলু চাষ প্রযুক্তি উদ্ভাবন করেছে।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য
- এক সারি ও জোড়া সারি আখের সাথে সাথীফসল হিসেবে আলু চাষ করা যায়
- সাথীফসল করলে আখের ফলনে কোনো প্রভাব পড়ে না। অনেক ক্ষেত্রে আখের ফলন বৃদ্ধি পায়
- সাথীফসল থেকে বাড়তি আয় পাওয়া যায়
- আন্তঃপরিচর্যার জন্য অতিরিক্ত কোনো খরচ প্রয়োজন হয় না

সংক্ষিপ্ত বিবরণ
- আলু চাষের জন্য বেলে দোআঁশ ও দোআঁশ ধরণের মাটি সবচেয়ে উপযোগী
- নভেম্বর মাসে ৭৫০ কেজি/হে হিসেবে আলুবীজ সারি থেকে সারি ৩০ সেমি এবং বীজ থেকে বীজ ১৫ সেমি দূরত্বে বপন করা যায়
- ৯০-৯৫ দিনের মধ্যে আলু পাওয়া যায় এবং সাথীফসল হিসেবে ১২-১৫ টন ফলন দেয়

উপযোগিতা
প্রযুক্তিটি সারাদেশের জন্য উপযোগী

সুবিধা
- সাথীফসল মাটির উর্বরতা বৃদ্ধি করে এবং একই পরিমাণ জমিতে উৎপাদন বৃদ্ধি করে
- আয়:ব্যয় অনুপাত ২.৩০:১.০০

যোগাযোগ
মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
ঈশ্বরদী, পাবনা
ফোন : +৮৮০৭৩২৬-৬৩৬২৮
ইমেইল : bsri@bsri.gov.bd

Intercropping of Potato in Single and Paired Row Sugarcane

As sugarcane is a long duration crop, farmer can easily grow one or two intercrops in the middle of two sugarcane rows. BSRI developed the technology of potato intercropping in sugarcane to increase cropping intensity, crop production and benefit from the same area of land.

Salient Features
- Potato can be grown in single and paired row of sugarcane as intercrop
- Intercropping does not affect the sugarcane yield and even in many cases increases its yield
- Additional income can be earned from intercrop
- No additional cost for intercultural operation of intercrop is required

Brief Description
- Loamy and sandy loam soils are suitable for potato cultivation
- 750 kg/ha potato tubers are sown into the field on 30 cm row to row and 15 cm tuber to tuber distance during November
- Potato crop can be harvested within 90-95 days and gives 12-15 MT tubers/ha

Suitability
The technology is suitable for all over the country

Benefits
- Intercropping maintains soil fertility and increases production per unit area
- Benefit Cost Ratio is 2.30:1.00

Contact
Director General, Bangladesh Sugarcrop Research Institute
Ishurdi, Pabna
Phone : +8807326-63628
Email : bsri@bsri.gov.bd

63

সিবি হাইব্রিড-১: হাইব্রিড তুলার জাত

মুক্ত পরাগায়িত জাতের তুলনায় উচ্চফলনের কারণে চাষিরা হাইব্রিড তুলা চাষে আগ্রহী। সিবি হাইব্রিড-১ তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক উদ্ভাবিত প্রথম হাইব্রিড তুলার জাত।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য
- এটি একটি আগাম জাত
- উচ্চফলনশীল জাত
- একই সময়ে বোল ফাটে
- জিওটি ৪২%
- বোলের আকৃতি বড়
- গাছ প্রতি ৫৫-৬৫টি বোল হয়

উপযোগিতা
সারাদেশের তুলাচাষাধীন এলাকার জন্য উপযোগী

সুবিধা
- মুক্ত পরাগায়িত জাতের তুলনায় উচ্চফলনশীলতার কারণে চাষিরা এ জাত থেকে লাভবান হবেন
- মুক্ত পরাগায়িত জাতের তুলনায় আঁশের পরিমাণ বেশি হওয়ায় এ জাত থেকে জিনারগণ লাভবান হবেন

যোগাযোগ
নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
ফোন : +৮৮০২৫৫০২৮৩৬৭
ইমেইল : ed@cdb.gov.bd

CB Hybrid-1: Hybrid Cotton Variety

Cotton farmers prefer to grow hybrid cotton due to its higher yield than the open pollinated variety. It is the first hybrid variety developed by the Cotton Development Board.

Salient Features
- It is an early variety
- It is a high yielding variety
- The boll is burst at the same time
- GOT is 42%
- The boll size is large
- Boll per plant is 55-65

Suitability
This variety is suitable for all over the cotton growing areas of Bangladesh

Benefits
- Farmers will be benefited from this variety due to higher productivity compared to that of the open pollinated variety
- Ginner will be benefitted from this variety due to its higher lint yield compared to that of the open pollinated variety

Contact
Executive Director, Cotton Development Board
Khamarbari, Farmgate, Dhaka-1215
Phone : +880255028367
Email : ed@cdb.gov.bd

পাহাড়ের ঢালে ধান-তুলা আন্তঃচাষ

পার্বত্য অঞ্চলের উপজাতি চাষিরা পাহাড়ের ঢালে মিশ্র ফসল (জুম পদ্ধতি) হিসেবে ধান এবং তুলার চাষ করে থাকেন। মিশ্র ফসলে আন্তঃ ও অন্তঃফসল প্রতিযোগিতার কারণে ধান এবং তুলা উভয় ফসলের ফলন কম হয়। পাহাড়ের ঢালে ধান-তুলা আন্তঃচাষের ফলে ধান এবং তুলা উভয় ফসলের ফলন বৃদ্ধি পায়।

সংক্ষিপ্ত বিবরণ

- পাহাড়ের ঢাল পরিষ্কার করার পর ভূমির সমান্তরালে এক লাইন তুলার পর দুই লাইন ধান বপন করতে হয়
- দুই লাইন তুলার মধ্যে বপন দূরত্ব ৮৫ X ৪৫ সেমি এবং দুই লাইন ধানের মধ্যে বপন দূরত্ব ২০ X ১৫ সেমি

উপযোগিতা

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের পার্বত্য জেলাগুলির জন্য উপযোগী

সুবিধা

- গাছের বৃদ্ধি নিয়ামকগুলোর সর্বোত্তম ব্যবহার হয়
- একই জমির মোট উৎপাদনশীলতা বৃদ্ধি করে
- খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বাড়াতে সহায়তা করে

যোগাযোগ

নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
ফোন : +৮৮০২৫৫০২৮৩৬৭
ইমেইল : ed@cdb.gov.bd

64

Rice-Cotton Intercropping in Hill Slope

Rice and cotton are grown in the hill slopes of Chattogram Hill Tracts as mixed cropping commonly known as jhum. Due to the intra and inter species competition, the yield of cotton, rice and other component crops is low and unstable in this mixed cropping. Intercropping of rice and cotton increases the yield of both rice and cotton.

Brief Description

- After clearing the land, sowing of 1 row cotton is followed by 2 rows of rice horizontally across the hill slope
- The spacing between two rows of cotton is 85 X 45 cm and between 2 rows of rice is 20 X 15 cm

Suitability

It is suitable for the hill districts of the Chattogram Hill Tracts

Benefits

- Better use of plant growth resources
- It increases total productivity of the same land
- It helps to enhance food and nutritional security

Contact

Executive Director, Cotton Development Board
Khamarbari, Farmgate, Dhaka-1215
Phone : +880255028367
Email : ed@cdb.gov.bd

65

তুলা গাছের আগা কর্তনের মাধ্যমে আগাম ফসলের ব্যবস্থাপনা

সাধারণত তুলার বীজ মধ্য জুলাই হতে মধ্য আগস্ট পর্যন্ত বপন করা হয় এবং মধ্য ফেব্রুয়ারি পর্যন্ত বোল সংগ্রহ করা হয়। তুলা সংগ্রহের পর অনেক চাষিরা গম চাষ করতে আগ্রহী হন। গমের সর্বোত্তম বপন সময় মধ্য নভেম্বর হতে মধ্য ডিসেম্বর পর্যন্ত। অনুকূল অবস্থায় বীজ বপনের ৫৯-৬০ দিন পরে তুলা গাছে বোল আসে যা পরবর্তী ৫০-৫৫ দিনে সংগ্রহ করা যায়। সেপ্টেম্বর মাসে আগা কর্তনের মাধ্যমে মধ্য ডিসেম্বরের মধ্যে তুলা সংগ্রহ শেষ করা সম্ভব।

সংক্ষিপ্ত বিবরণ
৩০ সেপ্টেম্বর তুলা গাছের আগা কেটে দিতে হবে যার মাধ্যমে ১০ ডিসেম্বর এর মধ্যে তুলা সংগ্রহ শেষ করা যাবে

উপযোগিতা
সারাদেশের তুলাচাষাধীন এলাকার জন্য উপযোগী

সুবিধা
- তুলা সংগ্রহের পরে চাষিরা গম চাষ করতে পারবেন
- ডগা কর্তনের ফলে তুলার ফলন ডগা কর্তন না করার তুলনায় ১০% বৃদ্ধি পায়

যোগাযোগ
নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
ফোন : +৮৮০২৫৫০২৮৩৬৭
ইমেইল : ed@cdb.gov.bd

Earliness Management of Cotton by De-topping

Cotton is usually sown during mid-July to mid-August and the boll is harvested till mid-February. Many farmers are interested to cultivate wheat after harvest of cotton. The optimum sowing time of wheat is the mid- November to mid-December. Under optimum conditions, cotton boll setting is started at 59-60 days of seed sowing and the bolls are collected later by 50-55 days. It is possible to collect the last harvest of cotton before mid-December by de-topping cotton during September.

Brief Description
Final harvest of cotton can be completed within 10 December by de-topping on 30 September

Suitability
It is suitable for all over the cotton growing areas of Bangladesh

Benefits
- Land can be used for cultivation of wheat in due time after cotton harvesting
- Farmer can get 10% more yield from de-topping technique compared to that of no de-topping

Contact
Executive Director, Cotton Development Board
Khamarbari, Farmgate, Dhaka-1215
Phone : +880255028367
Email : ed@cdb.gov.bd

পিজিআর প্রয়োগ করে তুলার অতিরিক্ত দৈহিক বৃদ্ধি নিয়ন্ত্রণ

পর্যাপ্ত খাদ্যোপাদান ও মাটির আর্দ্রতা থাকা সাপেক্ষে তুলা গাছের অতিরিক্ত দৈহিক বৃদ্ধি ঘটে যার ফলে তুলার ফলন কমে যায় এবং বোলের পরিপক্কতা বিলম্বিত হয়। পিজিআর (গাছের বৃদ্ধি নিয়ন্ত্রক) প্রয়োগ করে তুলার অতিরিক্ত দৈহিক বৃদ্ধি নিয়ন্ত্রণ করা যায়।

সংক্ষিপ্ত বিবরণ

- মেপিকোয়াট ক্লোরাইড প্রতি লিটার পানির সাথে ১.৫ গ্রাম মিশিয়ে ৩-৫ বার প্রয়োগ করতে হয়
- তুলা গাছের বয়স যখন ২৫-৩০ দিন হয় তখন থেকে শুরু করে ২০ দিন অন্তর অন্তর পিজিআর প্রয়োগ করা হয়
- জমিতে পর্যাপ্ত আর্দ্রতা না থাকলে কিংবা খরাকালীন পিজিআর প্রয়োগ করা যাবে না

উপযোগিতা

সারাদেশের তুলাচাষাধীন এলাকার জন্য উপযোগী

সুবিধা

- পিজিআর প্রয়োগের মাধ্যমে তুলার ফলন ১৫-২৫% বৃদ্ধি পায়
- চাষিরা পিজিআর প্রয়োগ করে হেক্টর প্রতি ৯,০০০ থেকে ১৫,০০০ টাকা অতিরিক্ত আয় করতে পারেন

যোগাযোগ

নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
ফোন : +৮৮০২৫৫০২৮৩৬৭
ইমেইল : ed@cdb.gov.bd

PGR Application for Controlling Excessive Vegetative Growth of Cotton Plant

With adequate moisture and nutrients, excessive vegetative growth is occurred in cotton plants that reduces cotton yield and delays maturity of boll. Excessive vegetative growth of cotton plant can be controlled by the application of PGR (Plant Growth Regulator).

Brief Description

- Mepiquat chloride (MC) is applied 3-5 times at the rate of 1.5 ml per liter water
- At 20 days interval starting from 25-30 days of sowing, PGR is applied
- PGR should not be applied when the land do not have enough soil moisture or during drought period

Suitability

It is suitable for all over the cotton growing areas of Bangladesh

Benefits

- Seed cotton yield is increased by 15-25% due to foliar application of PGR
- Farmers can earn Tk. 9,000-15,000 (US$ 112-187)/ha additional income compared to non PGR application

Contact

Executive Director, Cotton Development Board
Khamarbari, Farmgate, Dhaka-1215
Phone : +880255028367
Email : ed@cdb.gov.bd

67

তুলার বোলওয়ার্ম দমনে ফেরোমেন ট্রাপের ব্যবহার

তুলার বোলওয়ার্ম হলো ক্ষতিকর একটি পোকা যা শুধুমাত্র রাসায়নিক কীটনাশক প্রয়োগে নিয়ন্ত্রণ করা কষ্টসাধ্য। ফেরোমেন ট্রাপ ব্যবহার করে জৈবিক পদ্ধতিতে বোলওয়ার্ম কার্যকরীভাবে দমন করা সম্ভব।

■ **সংক্ষিপ্ত বিবরণ**

তুলা গাছ বপনের ৩০ দিন পরে জমিতে হেক্টর প্রতি ২৩টি ফেরোমেন ট্রাপ স্থাপন করতে হবে

■ **উপযোগিতা**

সারাদেশের তুলাচাষাধীন এলাকার জন্য উপযোগী

■ **সুবিধা**

- ফেরোমেন ট্রাপ ব্যবহারের মাধ্যমে তুলার জমিতে ৪-৫ বার কীটনাশক প্রয়োগ কম করা যায়
- কীটনাশক প্রয়োগ কম হওয়ায় উৎপাদন খরচ কমবে তাই চাষির আয় বাড়বে
- কীটনাশক প্রয়োগ কম হওয়ায় পরিবেশ দূষণ এবং মানুষের স্বাস্থ্য ঝুঁকি কমবে

■ **যোগাযোগ**

নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
ফোন : +৮৮০২৫৫০২৮৩৬৭
ইমেইল : ed@cdb.gov.bd

Use of Sex Pheromone Trap to Control Cotton Bollworm

Cotton bollworm is a harmful insect, which is difficult to control by only chemical insecticide. It is possible to effectively control bollworm by using pheromone trap of the biological system.

■ **Brief Description**

Pheromone traps (23 numbers/ha) are placed in the cotton field at 30 days after sowing

■ **Suitability**

It is suitable for all over the cotton growing areas of Bangladesh

■ **Benefits**

- Use of pheromone traps will reduce the spray of chemical insecticide by 4-5 times
- Cost of production will be reduced due to less insecticide application and thus farmer's income will be increased
- Pollution of environment and human health hazard will be reduced due to less application of chemical insecticides

■ **Contact**

Executive Director, Cotton Development Board
Khamarbari, Farmgate, Dhaka-1215
Phone : +880255028367
Email : ed@cdb.gov.bd

মাটি ও সার ব্যবস্থাপনার মাধ্যমে চিংড়ি ঘেরের পাড়ে বর্ষাকালীন তরমুজ চাষ

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাগুলির অধিকাংশ ভূমি মাঝারি উঁচু। এ জমিগুলিতে মাছের ঘের তৈরি হয়েছে। বর্তমানে সীমিত পরিসরে ঘেরের পাড়ে সবজির চাষাবাদ শুরু হয়েছে। তবে মাটি ও সার ব্যবস্থাপনা ভালো না থাকায় ফসলের আশানুরূপ ফলন হয় না। তাই ঘেরের পাড়ে কৃষি জমির উপরিস্তরের মাটি দিয়ে আচ্ছাদন দেওয়া হলে মাটির উর্বরতা বাড়বে এবং পাড় থেকে অধিক ফসল পাওয়া যাবে। পাশাপাশি যদি চাষি অসময়ে বিশেষ করে বর্ষাকালে উচ্চমূল্যের ফসল যেমন-তরমুজ চাষ করে, তাহলে এ সময়ে উচ্চমূল্য থাকার কারণে তারা অধিক লাভবান হবে।

সংক্ষিপ্ত বিবরণ
- কৃষিজমির উপরিস্তরের মাটি দিয়ে ঘেরের পাড় আচ্ছাদিত করা হয়
- বর্ষাকালে উচ্চমূল্যের ফসল (বিশেষ করে তরমুজ) চাষাবাদ করা হয়
- সুষম সার প্রয়োগ করা হয়

উপযোগিতা
এ প্রযুক্তি দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ঘের এলাকার জন্য উপযোগী

সুবিধা
- ঘেরের পাড়ে জমির উপরিস্তরের মাটি দিয়ে আচ্ছাদন করা হয়, তাই পাড়ের উর্বরতা বৃদ্ধি পায়
- অসময়ে (বর্ষাকালে) তরমুজের মূল্য অধিক থাকায় কৃষক অধিক লাভ পেতে পারে
- সুষম সার দেওয়ার জন্য সারের অপচয় কম হয় ফলে কৃষক অধিক লাভবান হয়

যোগাযোগ
মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫
ফোন : +৮৮০২৯১১৩৩৬৩
ইমেইল : dg@srdi.gov.bd

68

Cultivation of Water Melon in Rainy Season Through Soil and Fertilizer Management on the Shrimp Gher Bund

Most of the lands in the districts of south-western part of Bangladesh are medium high land. In these medium high lands, ghers are made for fish culture. At present, gher bunds are used for vegetable cultivation on a limited scale. But the yield of crops is not satisfactory due to lack of good soil and fertilizer management. If gher bunds are covered by top soil, its fertility will be increased and high yield can be achieved from that bunds. On the other hand, if farmers can grow high value crops like water melon in rainy season, they can get high profits due to its high price in this season.

Brief Description
- Gher bunds are carpeted by the top soil
- High value crop (especially Water melon) is cultivated especially in rainy season
- Balanced fertilizer is applied

Suitability
This technology is suitable for gher areas of the south-western part of Bangladesh

Benefits
- Fertility of gher bund is increased by top soil carpeting
- Farmers can achieve more benefit by producing off season (rainy season) water melon due to high price
- Through applying a balance fertilizer, fertilizer wastage can be reduced and thus farmers can be more benefited

Contact
Director General, Soil Resource Development Institute
Krishi Khamar Sarak, Dhaka-1215
Phone : +88029113363
Email : dg@srdi.gov.bd

69

কলস সেচ প্রযুক্তি

বাংলাদেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাগুলি বিভিন্ন মাত্রার লবণাক্ততায় আক্রান্ত। লবণাক্ততার কারণে শুকনো মৌসুমে এ এলাকার অধিকাংশ জমি পতিত থাকে। শুকনো মৌসুমে মাদা ফসলে পানির অপচয় এবং সেই সাথে মাটির লবণাক্ততা কমিয়ে অল্প পানি ব্যবহার করে ফসল উৎপাদনের জন্যে 'কলস সেচ' প্রযুক্তি কার্যকর ভূমিকা রাখতে পারে।

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- অল্প পানি ব্যবহার করে শুকনো মৌসুমে মাদা জাতীয় ফসল উৎপাদন করা যায়
- এ প্রযুক্তিতে মাটির লবণাক্ততা ২-৩ ডিএস/মি এ কমিয়ে রাখা যায়
- সেচের পানির সুষম ব্যবহার নিশ্চিত করা যায়

সংক্ষিপ্ত বিবরণ

- এ প্রযুক্তিতে একটি কলসের নিচের দিকে ৩টি ছিদ্র করা হয়
- ঐ ছিদ্র দিয়ে পাটের আঁশ প্রবেশ করানো হয়
- তারপর আঁশসহ কলসটিকে মাদায় স্থাপন করা হয়
- ৩-৪ টা বীজ কলসের চারিদিকে বপন করা হয়
- কলসে যখন পানি ভরা হয়, তখন ধীরে ধীরে পানি আঁশের মাধ্যমে বাইরে আসে এবং মাদাকে দীর্ঘ সময় ভিজা রাখে

উপযোগিতা

বাংলাদেশের দক্ষিণ উপকূলীয় লবণাক্ত এলাকার জন্য উপযোগী

সুবিধা

- কলস সেচ প্রযুক্তি ব্যবহারের ফলে মাটির লবণাক্ততা কম থাকে, ফলে ফসলের ফলন বৃদ্ধি পায়
- পানির অপচয় কম হওয়ায় অধিক ফসল চাষাবাদ করা যায়
- যেহেতু দীর্ঘদিন পরপর পানি দিতে হয়, সেহেতু শ্রম খরচ কম লাগে

যোগাযোগ

মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫
ফোন : +৮৮০২৯১১৩৩৬৩
ইমেইল : dg@srdi.gov.bd

Pitcher Irrigation Technology

The south and south-western districts of Bangladesh are affected by different level of salinity. Due to salinity, most of the land remains fallow in dry season. In dry season, pit crop can be cultivated through pitcher irrigation, which reduces soil salinity in pit. This helps to increase crop yield. Pitcher irrigation can play vital role in crop production in the south and south-western part of Bangladesh.

Salient Features

- Pit crop can be produced using small amount of water
- Soil salinity remains low (2-3 dS/m) by this technology
- Judicious use of irrigation water can be ensured

Brief Description

- In this technology, three pores are made under a pitcher
- Then jute fiber is inserted in that pitcher
- The pitcher with jute fiber is placed in the pit
- A 3-4 seed is sown around the pitcher
- When the pitcher is filled with water, water is released slowly and keeps the pit moist for a long time

Suitability

It is suitable for salinity affected southern coast of Bangladesh

Benefits

- Crop yield can be increased due to decrease in soil salinity by using pitcher irrigation technology
- More crops can be cultivated since it reduces the use of water
- As water is supplied after long period, it needs a fewer number of laborers

Contact

Director General, Soil Resource Development Institute
Krishi Khamar Sarak, Dhaka-1215
Phone : +88029113363
Email : dg@srdi.gov.bd

পাহাড়ি ঢালে ভূমিক্ষয় নিয়ন্ত্রণের জন্য ঝাড়ের বেড়া প্রযুক্তি

পার্বত্য চট্টগ্রাম ও সিলেটসহ দেশের অন্যান্য পাহাড়ি এলাকায় মৃত্তিকা ও ভূমিক্ষয় একটি প্রধান সমস্যা। এ অঞ্চলের খাড়া ঢালযুক্ত পাহাড় এবং ভারী বৃষ্টিপাতের ফলে বছরে গড়ে প্রতি হেক্টরে ৩৮-৪০ টন ভূমিক্ষয় হয়। এসব এলাকায় হেজ গাছ ভূমিক্ষয় রোধ এবং ফসলের ফলন বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। বিভিন্ন হেজ গাছ যেমন ইন্ডিগোফেরা, বগামেডুলা, আনারস ও নেপিয়ার ঘাস হেজ রো হিসেবে ব্যবহার করা হয়।

সংক্ষিপ্ত বিবরণ

- পাহাড়ের ঢালে শস্যের মাঝে, ফলজ এবং সবজি বাগানের ভিতর বিভিন্ন প্রজাতির হেজ স্পেসিস দ্বারা হেজ রো তৈরি করা হয়
- পাহাড়ি ঢালে আড়াআড়ি ভাবে কন্টুরে হেজ রো স্থাপন করা হয়
- ভ্যাটিভার, ন্যাপিয়ার, আনারস, বগামেডুলা, ইন্ডিগোফেরা ইত্যাদি হেজ হিসেবে ব্যবহৃত হয়
- ক্ষয়প্রাপ্ত মাটি হেজ রো এর ঘন আচ্ছাদনে বাধাপ্রাপ্ত হয়ে সেখানে জমা হয় এবং মাটি পুরু হয়

উপযোগিতা

এ প্রযুক্তি চট্টগ্রাম ও সিলেট বিভাগের ভূমিক্ষয়ের আশঙ্কাযুক্ত পাহাড়ি এলাকায় বিশেষভাবে পার্বত্য চট্টগ্রাম ও সিলেট অঞ্চলের জন্য উপযোগী

সুবিধা

- হেজ রো বৃষ্টির পানির গতিবেগ কমায়, মাটি সংরক্ষণ করে এবং মাটির আর্দ্রতা বজায় রাখে
- হেজ রো প্রযুক্তি ব্যবহারে উদ্ভিদের পুষ্টি উপাদান ধুয়ে যাওয়া রোধ করে, যার ফলে কম রাসায়নিক সার ব্যবহার করে চাষি নিরাপদ ফসল উৎপাদন করে
- পাহাড়ি ঢালে বিভিন্ন হেজ ব্যবহার করে বরবটি চাষ করলে ভূমিক্ষয়রোধ হয়। যেমন-ইন্ডিগোফেরা (১৭.১৩ টন/হে/বছর), নেপিয়ার (১২.৫৭ টন/হে/বছর), বগামেডুলা (১১.৪৩ টন/হে/বছর),আনারস (৯.৮৯ টন/হে/বছর)। অপরপক্ষে হেজ ব্যবহার না করে একই ঢালে বরবটি চাষাবাদে ভূমিক্ষয়ের পরিমাণ ২৮.৯৬ টন/হে/বছর
- পাহাড়ি ঢালে বিভিন্ন হেজ ব্যবহার করে বরবটি চাষে ফলন: ইন্ডিগোফেরা (৮.৫৪ টন/হে), নেপিয়ার (১০.৩২ টন/হে), বগামেডুলা (৯.৩২ টন/হে) এবং আনারস (১১.৩২ টন/হে)। অপরপক্ষে হেজ ব্যবহার না করে একই ঢালে বরবটি চাষাবাদে ফলন ৭.৮৫ টন/হে

যোগাযোগ

মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫
ফোন : +৮৮০২৯১১৩৩৬৩
ইমেইল : dg@srdi.gov.bd

Hedge Row Technology for Controlling Soil Erosion in Hill Slopes

Soil and land degradation is a serious problem in hilly areas of Chattogram Hill Tracts, Sylhet and other hilly areas of Bangladesh. Steep slopes coupled with heavy seasonal rainfall caused a significant soil loss (38-40 ton/ha/year). In these areas, hedge plants can play a significant role in minimizing soil loss and increasing yield of crops. Different hedge plants such as Indigofera, Bogamedula, Pineapple and Napier grass are used as hedge rows.

Breif description

- The hedge rows are prepared in the crop field, vegetable garden and orchard in the hill slopes
- The hedge rows are established in the contour lines across the hill slope
- Vativer, Napier, Pine Apple, Bogamedula and Indigofera are used as hedge plants.
- Eroded soils are deposited along the hedge rows due to dense clusters of hedge plants and soils are thickened

Suitability

This technology is suitable in the erodible hilly areas of Bangladesh specially Chattogram Hill Tract (CHT) and Sylhet region

Benefits

- Hedge row reduces run off, conserve soil and soil moisture
- Hedge row prevents washing out of soil nutrients. Farmers grow safe food with less chemical fertilizer
- In Broad Bean cultivation, soil loss was 17.13 MT/ha/year in case of Indigofera, 12.57 MT/ha/year in Napier, 11.43 MT/ha/year in Bogamedula and 9.89 MT/ha/year in Pine Apple. On the contrary, in Broad Bean cultivation without hedge technology in the same slope, soil loss was 28.96 MT/ha/year
- Using different hedges in the hilly slope, 8.54 MT/ha Broad Bean was produced in case of Indigofera, 10.32 MT/ha in Napier, 9.32 MT/ha in Bogamedula and 11.32 MT/ha in Pine Apple. On the contrary without hedge technology in the same slope, 7.85 MT/ha Broad Bean was produced

Contact

Director General, Soil Resource Development Institute
Krishi Khamar Sarak, Dhaka-1215
Phone : +88029113363
Email : dg@srdi.gov.bd

70

71

পাহাড়ি ঢালে ধাপ পদ্ধতিতে চাষাবাদ

পার্বত্য চট্টগ্রামের বেশির ভাগ পাহাড় খাড়া থেকে অত্যধিক খাড়া ঢাল, ভূমির অবক্ষয় বেশি এবং ভূমির উর্বরতা কম। এক্ষেত্রে, বেঞ্চ টেরাস প্রযুক্তি পাহাড়ের ঢালে ভূমিক্ষয় রোধ এবং আর্দ্রতা সংরক্ষণের মাধ্যমে সারাবছর ফসল উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

■ উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- মৃদু ও মধ্যম ঢালু পাহাড়ের ঢালে সারাবছর ফসল উৎপাদনের জন্য বেঞ্চ টেরাস প্রযুক্তি দরকারি
- এ প্রযুক্তি ব্যবহার করে একই ঢালে প্রতিবছর বিভিন্ন ধরনের শাক-সবজি, মাঠ ফসল, স্বল্প ও মধ্যম মেয়াদি ফল ফলানো যেতে পারে
- এ প্রযুক্তি পাহাড়ি ঢালে মাটি পরীক্ষা করে সুষম সার প্রয়োগের জন্য কার্যকর

■ সংক্ষিপ্ত বিবরণ

- মাটি কেটে এবং ভরাট করে নির্দিষ্ট দূরত্বে টেরাস তৈরি করা হয়
- এ পদ্ধতিতে রাইজার ও বেঞ্চের মধ্যে ১:১ অনুপাত বজায় রাখা হয়। তবে পাহাড়ের ঢালের পরিমাণের ভিত্তিতে এ অনুপাত কম বেশি হতে পারে

■ উপযোগিতা

বাংলাদেশের ভূমিক্ষয়ের আশংকাযুক্ত পাহাড়ি অঞ্চল বিশেষ করে পার্বত্য চট্টগ্রাম ও সিলেটের জন্য উপযোগী

■ সুবিধা

- বেঞ্চ টেরাস প্রযুক্তির সাহায্যে সারাবছর নিরাপদ ও অধিক ফলন উৎপাদন করা সম্ভব
- এ প্রযুক্তি ব্যবহারে ভারী বৃষ্টিপাতের সময় পৃষ্ঠ জলপ্রবাহ বাধাগ্রস্ত হয়ে পানি ধীরে ধীরে মাটিতে প্রবেশ করে। ফলে মৃত্তিকা অবক্ষয় হ্রাস পায় এবং মৃত্তিকা উর্বরতা ও পানিধারণ ক্ষমতা বৃদ্ধি পায়

■ যোগাযোগ

মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫
ফোন : +৮৮০২৯১১৩৩৬৩
ইমেইল : dg@srdi.gov.bd

Bench Terrace Technology for Cultivation in the Hill Slopes

The Chattogram Hill Tracts is characterized by steep to extremely steep slopes with high soil erosion and low soil fertility. In this regard, Bench Terrace technology can play a significant role in cultivation of crops all year round by controlling soil erosion and conserving moisture in the hill slopes.

■ Salient Features

- The technology is useful for year round crop production in gentle and moderate hill slopes
- Every year different types of field crops, vegetables, short term and mid-term fruit crops can be grown by using this technology
- The technology is efficient for soil test based balanced fertilizer application

■ Brief Description

- Bench terraces are normally constructed by cutting and filling soils in a particular distance
- Generally, the technology maintains 1:1 ratio for riser and the bench. But it varies with the slope percentage of hills

■ Suitability

It is suitable for erodible hilly areas of Bangladesh especially in Chattogram Hill Tracts (CHT) and Sylhet

■ Benefits

- Year round safe food production and maximum yield of crops can be ensured using Bench terrace technology
- This technology inhibits surface run off during heavy rainfall and allows water to infiltrate slowly into the soil. So, it decreases soil erosion, and increases soil fertility and water holding capacity

■ Contact

Director General, Soil Resource Development Institute
Krishi Khamar Sarak, Dhaka-1215
Phone : +88029113363
Email : dg@srdi.gov.bd

পাহাড়ি ঢালে Slash & Mulch with Agroforestry পদ্ধতিতে জুম চাষ

